



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৯.২১/৩৬২০/৫

তারিখ: ২৬/১০/২০২২খ্রি.

বিষয় : মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলাধীন বিক্রমপুর আদর্শ ডিগ্রী কলেজের প্রভাষক (ইংরেজি) জনাব নির্মল কুমার রায় এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলাধীন বিক্রমপুর আদর্শ ডিগ্রী কলেজের প্রভাষক (ইংরেজি) জনাব নির্মল কুমার রায় এর বকেয়া বেতন-ভাতা প্রদানের জন্য অধ্যক্ষ আবেদন করেছেন।

বর্ণিত বিষয়ে জনাব নির্মল কুমার রায় কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৮৮০৩/২০১৭ এর বিষয়ে অত্র অধিদপ্তরের আইন উপদেষ্টার মতামত হলো-

“মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলাধীন বিক্রমপুর আদর্শ ডিগ্রী কলেজের প্রভাষক (ইংরেজি) জনাব নির্মল কুমার রায়কে কলেজ কর্তৃপক্ষ ১৫/০২/২০১৫খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত করেন। উক্ত সাময়িক বরখাস্ত প্রত্যাহারসহ বেতন ভাতা প্রদানের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৮৮০৩/২০১৭ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য আদালত প্রথমে বিবাদীগণের প্রতি রুল জারি করেন। পরবর্তীতে বিগত ১৫/০৫/২০১৮খ্রি. তারিখে ৩নং বিবাদী মহাপরিচালক, মাউশিকে সাময়িক বরখাস্তকরণের তারিখ হতে বকেয়াসহ বেতন ভাতা প্রদানের নির্দেশ দেন। যেহেতু সাময়িক বরখাস্তকরণের বিষয়টি কলেজের গভর্নিংবডি কর্তৃক করা হয়ে থাকে। সুতরাং মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ অনুসারে পিটিশনারের বকেয়াসহ বেতন ভাতা প্রদানের বিষয়ে কলেজ গভর্নিংবডিকে নির্দেশ প্রদান করা যেতে পারে। এ বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়সহ সংশ্লিষ্ট কলেজের সভাপতি, অধ্যক্ষ এবং পিটিশনারকে পত্র প্রেরণ করা যেতে পারে”।

জনাব নির্মল কুমার রায় কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৮৮০৩/২০১৭ এর বিষয়ে অত্র অধিদপ্তরের আইন উপদেষ্টার মতামত অনুযায়ী সংশ্লিষ্টদের ০৪/০৭/২০১৮খ্রি. তারিখের স্মারক নং-৭জি-১৬৫(ক-৩)/০৭/২৪৬১/৭ মোতাবেক কলেজ কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের মর্মানুযায়ী বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

সভাপতি

বিক্রমপুর আদর্শ ডিগ্রী কলেজ

সিরাজদিখান, মুন্সীগঞ্জ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, ঢাকা অঞ্চল, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সহায়তা করার অনুরোধসহ);
- ০২। অধ্যক্ষ, বিক্রমপুর আদর্শ ডিগ্রী কলেজ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ০৩। আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৪। জনাব নির্মল কুমার রায়, প্রভাষক (ইংরেজি), বিক্রমপুর আদর্শ ডিগ্রী কলেজ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ;
- ০৫। সংরক্ষণ নথি।